# যীশু শয়তান অপেক্ষা শক্তিশালী এবং তিনি তাঁর লোকেদের শয়তানের পীড়ন থেকে রক্ষা করেন।

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই D2b পাঠ করা উচিৎ।

**প্রার্থনা ঃ** ''প্রভু যীশু, তুমি স্বর্গ থেকে পৃথিবী শাসন কর। আমাদের সমাজে যারা তোমার প্রতি ফিরেছে, তাদের সবাইকে মন্দ আত্মা থেকেউদ্ধার করার মাধ্যমে তোমার প্রেম ও শক্তি প্রদর্শন কর।''

লোকদের প্রয়োজনের সঙ্গে মানানসই কার্যকলাপ পছন্দ করুন।


**১. ভূতের দ্বারা পীড়িত লোকদের যীশুর নামে উদ্ধারের কাজে পরিচালিত করার জন্য প্রার্থনা ও বাক্যের দ্বারা নিজেকে প্রস্তুত করুন।**

**টীকা ঃ** একজন ব্যক্তি যখন শয়তান কর্তৃক পীড়িত হন, বাইবেল বলছে যে সেই ব্যক্তির মধ্যে ভূত, মন্দ আত্মা অথবা অশুচি আত্মা আছে। যীশু শারীরিক অসুস্থতা এবং আত্মিক পীড়ন উভয় বিষয়ে আরোগ্য সাধন করতে পারে এবং লোকদের অদ্ভুদ ব্যবহার করাতে পারে, কিন্তু সার্বিকভাবে অনূদিত বাইবেল বলে না যে আত্মসমূহ একজন ব্যক্তির প্রাণ দখল করতে বা জয় করতে পারে।

লোকদের কিভাবে ভূতদের হাত থেকে রক্ষা করতে হবে সেই বিষয়ে যীশু প্রেরিতদের দেখিয়ে ছিলেন। **মথি ১৫ঃ২২-২৮ পদে খুঁজে দেখুন,** যীশু কিভাবে এক পাগান বালিকাকে ভূতের হাত থেকে রক্ষা করেছিলেন।



- কে তার কন্যার হয়ে যীশুর কাছে সাহায্য প্রার্থনা করেছিলেন? (২২ পদ দেখুন)
- ভূত সেই বালিকাকে কি করছিল?
- এক মহিলার প্রতি যীশুর শিষ্যরা কি করার চেষ্টা করেছিলেন? (২৩ পদ)
- সেই মহিলা কি ধার্মিক ছিলেন এবং সাহায্য লাভের যোগ্য ছিলেন? (২৩-২৭ পদ)
- যীশুর মন্তব্য অনুসারে সেই মায়ের মধ্যে কি গুন ছিল? (২৮ পদ)
- কি বিষয়ে যীশু সেই মহিলাকে আশ্বাস দিয়েছিলেন?
- সেই বালিকার সুস্থ হতে কত সময় লেগেছিল?



**মথি ১৭ঃ১৪-২১ পদে খুঁজে দেখুন,** যীশু কিভাবে এক যিহূদী বালককে ভূতগ্রস্থতা থেকে উদ্ধার করেছিলেন।

- তার পুত্রের হয়ে কে যীশুর সাহায্য চেয়েছিলেন? (১৪ পদ দেখুন)
- ভূত সেই বালকের প্রতি কি কি করেছিল? (১৫ পদ)
- সেই বালকের জন্য যীশুর শিষ্যরা কি করতে ব্যর্থ হয়ে ছিলেন? (১৬ পদ)
- কি ধরনের লোকদের মন্দ আত্মার সবচেয়ে বেশী ক্লেশ থাকে? (১৭ পদ)
- ভূতকে যীশু কি বলেছিলেন এবং কি করেছিলেন? (১৭ ও ১৮ পদ)
- যীশুর শিষ্যরা কেন ভূতকে তাড়াতে সক্ষম হন নি? (২০ পদ)
- মন্দ আত্মা বিতাড়িত করার জন্য আমাদের অবশ্যই কি করা উচিৎ? (২১ পদ)

**লূক ১০ঃ১৭-২০ পদে খুঁজে দেখুন,** শয়তানের ওপর শক্তির বিষয়ে যীশুর শিষ্যরা কি শিখেছিলেন?

- কি কর্তৃত্বের দ্বারা শিষ্যরা লোকদের থেকে ভূত তাড়াতে সক্ষম হয়েছিলেন? (১৭ পদ দেখুন)

- যীশু কিভাবে তার শিষ্যদের যে কর্তৃত্ব আছে তা বর্ণনা করেছিলেন? (১৯ পদ)
- বিশ্বাসী শিষ্যগণ এবং মন্দ আত্মাদের মধ্যে কারা বেশী শক্তিশালী? (২০ পদ)
- আত্মাদের ওপর কর্তৃত্ব অপেক্ষা কোন সত্যটি বিশ্বাসীদের অধিক উল্লাসিত করেছিল?

**যীশুর প্রেরিতগণ** লোকদের ভূতগ্রস্থতা থেকে উদ্ধার করেছিলেন।

**প্রেরিত ১৬ঃ১৬-১৯ পদে খুঁজে দেখুন,** কিভাবে প্রেরিত পৌল এবং সীল এক বালিকার মধ্যে থেকে মন্দ আত্মা দূর করেছিলেন।



- কি ধরনের আত্মা বালিকাটিকে পীড়ণ করেছিল? (১৬ পদ দেখুন)
- লোকেরা কিভাবে আত্মার দ্বারা বালিকাটিকে প্রতারিত করছিল?
- আত্মা কি জানত পৌল এবং তাঁর সহকর্মীগণ কে ছিলেন? (১৭ পদ)
- পৌল কিভাবে সেই মন্দ আত্মার থেকে অব্যহতি পেয়েছিলেন? (১৮ পদ)



- কত দ্রুত মন্দ আত্মা সেই বালিকাটিকে ছেড়ে চলে গেছিল? (১৮ পদ)
- বালিকার কর্তারা কি করেছিল? (১৯-২১ পদ)

**প্রেরিত ১৯ঃ১১-২০ পদে খুঁজে দেখুন,** প্রেরিত পৌল কিভাবে একটি সমাজকে মন্দ আত্মা থেকে উদ্ধার করেছিলেন?

- আত্মার ওপর পৌলের কি ধরনের কর্তৃত্ব ছিল? (১১ ও ১২ পদ দেখুন)
- অবিশ্বাসীরা যখন যীশুর নাম ব্যবহার করার চেষ্টা করেছিল তখন কি ঘটেছিল? (১৩-১৬)
- মন্দ আত্মার দূর করার জন্য আমাদের অবশ্যই কোন্ নাম আহ্বান করতে হবে? (১৭ পদ)
- লোকেরা যখন মন্দ আত্মাদের থেকে মুক্তি পায় তখন তাদের অবশ্যই যাদুবিদ্যা ও মায়া বিদ্যার বিষয় কি করা উচিৎ? (১৮-১৯)
- যেখানেই আমরা মন্দ আত্মাদের থেকে লোকদের উদ্ধার করব, সেখানেই আমাদের অবশ্যই কি বাণীর সহভাগিতা করতে হবে? (২০)

২. **আগামী কার্যকলাপের বিষয় সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

- আপনার সমাজে কি কি ধরনের মন্দ আত্মা লোকদের কষ্ট দিচ্ছে সেই বিষয়ে আলোচনা করুন।
- আপনার কোন একজন সহকর্মী বা বিশ্বাসী কি প্রভু কর্তৃক পরিচালিত হয়ে মন্দ আত্মাবিষ্ট কারও জন্য প্রার্থনা করেছিলেন অথবা তাদের উদ্ধার করেছিলেন, সেই বিষয়টি চিহ্নিত করুন।
- একসাথে প্রার্থনা করুন এবং প্রভুর কাছে যাচ্ঞা করুন, তিনি যেন আপনাকে এমন কোন লোকের কাছে নিয়ে যান যার জন্য আপনি প্রার্থনা করবেন, যাতে আপনি সেই পীড়িত লোকটিকেউদ্ধার করতে পারেন।
- ভুতগ্রস্থ লোকদের উদ্ধার বিষয়ে কোন অভিজ্ঞ খ্রীষ্টানের কাছে তার অভিজ্ঞতা জানার জন্য তার সঙ্গে সাক্ষাতের ব্যবস্থা করুন।
- আপনি যে সকল লোককে উদ্ধারের জন্য প্রার্থনা করতে যাচ্ছেন, তাদের কাছে কিভাবে যীশুর সুসমাচার ব্যাখ্যা করবেন সেই বিষয়ে একসাথে প্রস্তুত হন।
- একসাথে সহমত হন যে ভূত তাড়ানোর বিষয়টিকে আপনি গণপ্রদর্শনী করবেন না, কিন্তু জনসমক্ষে আপনি যীশুর সুসমাচার ঘোষনা করবেন এবং যখন কারও প্রয়োজন হবে কেবল তখনই মন্দ আত্মা পীড়িত লোকদের নিয়ে কাজ করবেন।

**৩. আগামী আরাধনার সময়ের বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিচালনা করুন।**

যীশু এবং তাঁর প্রেরিতগণ যারা লোকদের ভূতগ্রস্থতা থেকে উদ্ধার করেছিলেন তাদের বিষয় গল্পগুলো পাঠ করুন অথবা বলুন। আপনি যদি ভাগ-১ থেকে গল্প বলেন, তবে সেই একই প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে পারেন।

বিশ্বাসীদের ভূতগ্রস্ত লোক, যারা উদ্ধার লাভ করেছেন, তাদের বিষয় বলতে বলুন।

ভূতগ্রস্ততার বিভিন্ন ঘটনাগুলো ব্যাখ্যা করুন ঃ

- অধিকাংশ অসুস্থতাই ঈশ্বর আসতে দেন এবং ভূত বা দিয়াবল কর্তৃক আসে না।
- লোকদের পাপ পূর্ণ ব্যবহার হৃদয় থেকে আসে, ভূতদের কাছ থেকে আসে না।
- শয়তান এবং ভূতেরা এই বলে লোকদের ভয় দেখায় যে ঈশ্বরের থেকে তাদের অধিক শক্তি আছে।
- ভূতগ্রস্ত লোকদের উদ্ধারের জন্য প্রার্থনা করার নিমিত্ত সমস্ত বিশ্বাসীদের কর্তৃত্ব আছে।
- ভূতেরা যখন আমাদের সুসমাচার শিক্ষাদানে বাধার সৃষ্টি করবে, তখন আমাদের উচিৎ তাদের চলে যাওয়ার আদেশ দেওয়া।

শিশুরা যা প্রস্তুত করেছে তা তাদের উপস্থাপন করতে দিন।

প্রভুর ভোজ সম্পাদনের জন্য যোহন ১৩ঃ২১-২৭ পদ পাঠ করুন। ব্যাখ্যা করুন যিহূদা সবথেকে পবিত্র শেষ নৈশভোজে শঠতার সঙ্গে যীশুর সঙ্গে রুটী ভাঙ্গায় অংশগ্রহন করেছিলেন এবং সেই সময় শয়তান তার মধ্যে প্রবেশ করেছিল।

দু-তিনজনের ক্ষুদ্র দল গঠন করুন। পরস্পরের জন্য প্রার্থনা করুন এবং উৎসাহ দান করুন এবং পরিকল্পনা তৈরী করুন।

**মুখস্থ পদ ঃ** মথি ৮ঃ১৬ পদ একত্রে মুখস্থ করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net